

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১০০৫(আগরতলা, ১৪।৬)

আমবাসা, ১৪ জুন, ২০১৮

**বিশ্ব রক্তদাতা দিবস : ধলাই জেলা ভিত্তিক আলোচনাচক্র অনুষ্ঠিত**

বিশ্ব রক্তদাতা দিবস উদযাপন উপলক্ষ্যে আজ আমবাসা শিল্প প্রশিক্ষণ কেন্দ্রে ধলাই জেলা ভিত্তিক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই আলোচনা চক্রে ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. সরবিন্দ রিয়াং বিশ্ব রক্তদাতা দিবসের তাৎপর্য ব্যাখ্যা করেন এবং মানব জীবনে রক্তের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

স্বাগত ভাষণ দেন আমবাসা শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের প্রিন্সিপাল ভাস্কর দেববর্মা। গত বছর যে সমস্ত প্রতিষ্ঠান রক্তদান শিবির করেছে তাদের মধ্যে শ্রেষ্ঠ ১০টি প্রতিষ্ঠানকে অনুষ্ঠানে পুরস্কার দেওয়া হয়। প্রতিষ্ঠানের প্রতিনিধিদের হাতে অতিথিগণ স্মারক উপহার এবং শংসাপত্র তুলে দেন।

\*\*\*\*\*